# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭২৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَن أبي أُمَامَة الْبَاهِلِيّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «ثَلَاثَة كلهم ضَامِن على الله عز وَجل رَجُلٌ خَرَجَ غَازِيًا فِي سَبِيلِ اللَّهِ فَهُوَ ضَامِن على الله حَتَّى يتوفاه فيدخله الْجنَّة أَو يردهُ بِمَا نَالَ من أجراوغنيمة وَرَجُلٌ رَاحَ إِلَى الْمَسْجِدِ فَهُوَ ضَامِنٌ عَلَى الله حَتَّى يتوفاه فيدخله الْجنَّة أَو يردهُ بِمَا نَالَ مِنْ أَجْرٍ وَغَنِيمَةٍ وَرَجُلٌ دَخَلَ بَيْتَهُ بِسَلَامٍ فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৭২৭-[৩৯] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিন ব্যক্তি আল্লাহর জিম্মাদারীতে রয়েছে। (১) যে ব্যক্তি আল্লাহর পথে যুদ্ধে বের হয়েছে সে আল্লাহর জিম্মাদারীতে রয়েছে, যে পর্যন্ত আল্লাহ তাকে উঠিয়ে না নেন এবং জান্নাতে প্রবেশ না করান। অথবা তাকে ফিরিয়ে আনেন, যে সাওয়াব বা যে গনীমাতের মাল সে যুদ্ধে লাভ করেছে তার সাথে। (২) যে ব্যক্তি মসজিদে গমন করেছে সে আল্লাহর দায়িত্বে রয়েছে এবং (৩) যে ব্যক্তি সালাম দিয়ে নিজের ঘরে প্রবেশ করেছে, সে আল্লাহর জিম্মাদারীতে রয়েছে। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২৪৯৪, সহীহ আত্ তারগীব ৩২১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সকল ক্ষতি, বিপদ, বিপর্যয়, অনিষ্ট থেকে ঐ তিন ব্যক্তিকে নিরাপত্তাদান আল্লাহ নিজ অঙ্গীকার বাস্তবায়নে নিজের ওপর আবশ্যক করে নিয়েছেন। ঐ তিন ব্যক্তি হলোঃ

১। যে ব্যক্তি আল্লাহর রাস্তায় যুদ্ধে বের হয়েছে, তাকে সকল অনিষ্ট থেকে নিরাপদ রাখা আল্লাহর ওপর ওয়াজিব

যেভাবে নিরাপত্তাপ্রাপ্ত কোন জিনিসকে সংরক্ষণ করা হয়। যতক্ষণ পর্যন্ত না আল্লাহ মৃত্যুর মাধ্যমে কিংবা আল্লাহর রাস্তায় নিহত হওয়ার মাধ্যমে তার রূহকে তিনি কবয করেন। অতঃপর জান্নাতে প্রবেশ করান। অথবা তাকে ফিরিয়ে আনেন সে সাওয়াব বা যুদ্ধলব্ধ সম্পদসহ যা সে অর্জন করেছে।

২। যে ব্যক্তি মসজিদে গমন করেছে সেও আল্লাহর দায়িত্বে। কারণ সে আল্লাহর যিকিরে রয়েছে। তাকে বিপদাপদ থেকে রক্ষা করা ও দেখাশুনা করা আল্লাহর ওপর আবশ্যক।

৩। যে ব্যক্তি সালাম সহকারে নিজের ঘরে প্রবেশ করে। এক- ঐ ব্যক্তি যখন তার ঘরে প্রবেশ করে তখন তার পরিবারকে সালাম দেয়। যেমন আল্লাহ তা‘আলা বলেন, ‘‘যখন তোমরা ঘরে পবেশ করবে তখন তোমাদের স্বজনদের প্রতি সালাম দাও।’’ (সূরাহ্ আন্ নূর ২৪ : ৬১)

তখন আল্লাহ তার ও তার পরিবার এবং স্বজনের ওপর বারাকাত অবতীর্ণ করা। কারণ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনাস (রাঃ)-কে উদ্দেশ্য করে বলেন, যখন তুমি তোমার পরিবার-পরিজনদের নিকট প্রবেশ করবে তখন তুমি সালাম দাও। এই সালাম তোমার ও তোমার পরিবারের বারাকাত নিয়ে আসবে। দুই- ঐ ব্যক্তি সকল ফিতনাহ্ (ফিতনা) থেকে মুক্ত ও নিরাপদ অবস্থায় তার বাড়িতে প্রবেশ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55284

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন